

## ■ সহীহ ইবনু হিবান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩২৩

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মেয়েদের কাপড়ে সালাত আদায় করা বৈধ যদি তাতে কোন নাপাকী না থাকে

ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمُصَلَّى أَنْ يُصَلَّى فِي ثَوْبِ النِّسَاءِ إِذَا لَمْ يَكُنْ فِيهِ أَذْنٌ

আরবী

2323 - أَخْبَرَنَا حَامِدٌ بْنُ مُحَمَّدٍ بْنُ شُعَيْبٍ الْبَلَخِيُّ قَالَ: حَدَّثَنَا سُرِيجُ بْنُ يُونُسَ قَالَ: حَدَّثَنَا سُفِيَّانُ عَنْ أَبِي إِسْحَاقِ الشَّيْبَانِيِّ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ شَدَّادٍ بْنِ الْهَادِ عَنْ مَيْمُونَةَ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى وَعَلَيْهِ مِرْطٌ لِبَعْضِ نِسَائِهِ وَعَلَيْهَا بَعْضُهُ. قَالَ سُفِيَّانُ: أَرَاهُ قَالَ: وَهِيَ حَائِضٌ.

الراوي : مَيْمُونَةُ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات  
الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2323 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))  
: (395) .

বাংলা

২৩২৩. মাইমুনাহ রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, ‘রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাত আদায় করতেন এমন অবস্থায় যে তাঁর কোন এক স্ত্রীর চাদরের কিছু অংশ তাঁর শরীর আর কিছু অংশ তাঁর স্ত্রীর শরীরে থাকতো।’

সুফিয়ান রহিমাল্লাহু বলেন, “আমার ধারণা তিনি বলেছেন, “এসময় তাঁর স্ত্রী হায়ে অবস্থায় ছিলেন।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/৩৩০; হ্যাইদী: ৩১৩; আবু দাউদ: ৩৬৯; ইবনু মাজাহ: ৬৫৩; তাবারানী আল কাবীর: ২৪/৯।

হাদিসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহ্মাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহ্মাহ হাদিসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৩৯৫)

হাদিসের মান: **সহীহ (Sahih)** পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ মায়মুনাহ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=91644>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন